



জাকসু ও হল সংসদ নির্বাচন বর্জন করলো ছাত্রদল



সংগৃহীত ছবি

অনিয়ম ও কারচুপির অভিযোগ তুলে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ছাত্র সংসদ (জাকসু) ও হল সংসদ নির্বাচন থেকে সরে দাঁড়ালো ছাত্রদল। ভোটগ্রহণ চলাকালীন সময়ে পাল্টাপাল্টি অভিযোগ, কেন্দ্র বন্ধ হওয়া এবং ভোটের আগের রাতের অনিয়মের ঘটনাকে কারণ হিসেবে উল্লেখ করেছে সংগঠনটি। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ছাত্র সংসদ (জাকসু) ও হল সংসদ নির্বাচনে অনিয়মের অভিযোগ এনে ভোট বর্জনের ঘোষণা দিয়েছে ছাত্রদল। বৃহস্পতিবার (১১ সেপ্টেম্বর) বেলা সাড়ে ৩টার দিকে বিশ্ববিদ্যালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে এই ঘোষণা দেন ছাত্রদল সমর্থিত প্যানেলের ডিপি প্রার্থী শেখ সাদী হাসান।

আজ সকাল ৯টা থেকে বিশ্ববিদ্যালয়ে জাকসু ও হল সংসদ নির্বাচনের ভোটগ্রহণ শুরু হয়, যা বিকেল ৫টা পর্যন্ত চলার কথা ছিল। তবে তার আগেই ছাত্রদল নির্বাচনে অংশগ্রহণ থেকে সরে দাঁড়ায়। এ নির্বাচনে ২৫টি পদের বিপরীতে লড়ছিলেন ১৭৯ জন প্রার্থী। এছাড়া বিশ্ববিদ্যালয়ের ১১টি ছাত্র হল ও ১০টি ছাত্রী হলের মোট ৩১৫টি পদে প্রতিদ্বন্দ্বিতা করছিলেন ৪৬৭ জন প্রার্থী। বিশ্ববিদ্যালয়ের ২১টি আবাসিক হলে মোট ভোটার সংখ্যা ১১ হাজার ৯১৯ জন, এর মধ্যে ৬ হাজার ১০২ জন ছাত্র এবং ৫ হাজার ৮১৭ জন ছাত্রী।

ভোটগ্রহণ শুরুর পর থেকেই নানা ধরনের অভিযোগ ওঠে। ছাত্রদল ও ছাত্রশিবির সমর্থিত প্যানেল একে অপরের বিরুদ্ধে পাল্টাপাল্টি অভিযোগ তোলে। কয়েকটি কেন্দ্রে অল্প সময়ের জন্য ভোটগ্রহণ বন্ধও থাকে। এর পাশাপাশি ভোটের আগের রাতে ছাত্রদলের এক সাবেক নেতাকে ব্যালট বাস্তু বহন করতে দেখা গেছে বলে অভিযোগ ওঠে। এমনকি ভোটের দিনই একজনকে আটক করা হয়, যা পরিস্থিতিকে আরও উত্তপ্ত করে তোলে।